গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

স্মারক নং: ০৫.৮১.০০০০.০০৭.৯৯.০১৫.২৩-৩৭৫ তারিখ:১০/০৫/২০২৩

**বিষয় : জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার আবেদনে অসম্পূর্ণতা পরিহরে বিবেচ্য বিষয়াবলি।**

সূত্র: (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-১১৮ তারিখ: ১৫/০৩/২০২৩;
(খ)বিভাগীয় কমিশনার বরারব প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৫৪ তারিখ: ০১/০২/২০২৩;
(গ) জেলা প্রশাসক বরাবর প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৫৫ তারিখ: ০১/০২/২০২৩;
(ঘ) উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৫৬ তারিখ: ০১/০২/২০২৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের অনুবৃত্তিক্রমে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে চাকরি জীবনে জটিল ও ব্যয়বহুল রোগের জন্য এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০ (দুই লাখ) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার জন্য বোর্ডের নির্ধারিত ফরমে (ফরম নম্বর ০৮) আবেদন করতে হয়। আবেদন ফরম বোর্ডের ওয়েবসাইটে (www.bkkb.gov.bd) পাওয়া যাবে। আবেদন করার নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে।

০২। সাম্প্রতিককালে বিভিন্ন দপ্তর/ সংস্থা থেকে প্রেরিত আবেদনে কতিপয় ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। ফলে আবেদন নিষ্পত্তিতে বিলম্ব হচ্ছে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারী কাঙ্ক্ষিত সেবা প্রদান করা যাচ্ছে না। সে পরিপ্রেক্ষিতে যথা সময়ে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার অনুদান প্রাপ্তির নিমিত্ত আবেদনসমূহ স্বয়ংসম্পূর্ণ ও নির্ভুলভাবে প্রেরণের জন্য নিম্নবর্ণিত ত্রুটির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা প্রয়োজন:

ক) ন্যূনতম সংশ্লিষ্ট জেলা পর্যায়ের অফিসার কর্তৃক সুপারিশসহ অগ্রায়ণ না হওয়া;
খ) ফরমে "দপ্তর প্রধানের প্রত্যয়ন" অংশ পূরণ না করা;
গ) ফরমে চিকিৎসা প্রদানকারী হাসপাতাল কর্তৃপক্ষ/বিশেষজ্ঞ চিকিৎসকের অংশ পূরণ না করা;
ঘ) ফরমে চিকিৎসা প্রদানকারী হাসপাতাল কর্তৃপক্ষ/বিশেষজ্ঞ চিকিৎসকের অংশের মূল কপি প্রেরণ না করা;
ঙ) হাসপাতালের মূল ছাড়পত্র ও মূল বিল না থাকা;
চ) সমস্ত কাগজপত্রে প্রতিস্বাক্ষর না থাকা;
ছ) প্রতিস্বাক্ষরে নামের সিল না থাকা;
জ) আবেদনকারীর ছবি না থাকা;
ঝ) অনলাইন ব্যাংক অ্যাকাউন্ট নম্বর না থাকা;
ঞ) অবসর গমনের পরবর্তী সময়ের জটিল চিকিৎসা ব্যয়ের জন্য আবেদন করা;
ট) সাধারণ এবং জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের জন্য পৃথক আবেদন/ নির্ধারিত ফরম ব্যবহার না করে নিজ অথবা পরিবারের অন্যান্য সদস্যের চিকিৎসা বিল একত্রে প্রেরণ করা।

০৩। বর্ণিত অবস্থায়, জটিল ও ব্যয়বহুল রোগের আবেদন করার সময় উপরোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে আবেদন প্রেরণের নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ অধীনস্থ দপ্তর, সংস্থা ও মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ কপি

১০-০৫-২৩
(এ কে এম আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ০২-৪৮৩১৫৩৪৬

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়]

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

০১। যুগ্ম সচিব (সচিবালয় ও কল্যাণ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়], বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক (সচিব) এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
০৪। সংশ্লিষ্ট নথি।

CamScanner